
সমকাল

অনলাইন ডেস্ক

০৪ মে ২০২৪, ০৪:১২ পিএম

# শেষ হলো উত্তরা বিশ্ববিদ্যালয়ে চার দিনব্যাপী বইমেলা



উত্তরা বিশ্ববিদ্যালয়ে বিশ্বসাহিত্য কেন্দ্র ও রিডিং ক্লাবের সহযোগিতায় গত ২৯ এপ্রিল বেলা ১২ থেকে ৩ মে পর্যন্ত বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়ে গেল চার দিনব্যাপী বইমেলা। বিশেষ এই বইমেলায় শিক্ষার্থীরা স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করার মধ্য দিয়ে মেলায় উৎসবমুখর পরিবেশ তৈরি করে।

বইমেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. গৌর গোবিন্দ গোস্বামী। তিনি বলেন, ‘মানুষের জীবন সচল রাখার জন্য দুই ধরনের নিউট্রিশন দরকার, প্রথমত খাবারের নিউট্রিশন, দ্বিতীয়ত বইয়ের নিউট্রিশন। এই দুই নিউট্রিশনের মধ্যে বইয়ের নিউট্রিশন, মানুষের মধ্যে ইতিবাচক পরিবর্তন নিয়ে আসে।’ তিনি আরও উল্লেখ করেন, মানব সভ্যতা বিকাশের জন্য মানুষ যে ফিকশন তৈরি করেছে তা মূলত বই পড়েই।

বইমেলায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার কাজী মহিউদ্দিন, পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ আলী ও ডিরেক্টর অব্ স্টুডেন্ট অ্যাফেয়ার্স সামজীর আহমেদ।

সামজীর আহমেদ বলেন, ‘পাঠ আমাদের ভ্রমণের অভিজ্ঞতা দেয়, সেটা হতে পারে ইতিহাসের চোরাপথে কিংবা ভবিষ্যতের দিকে। পাঠ যে উপভোগের বিষয়, আনন্দের বিষয়; রিডিং ক্লাবের এই আয়োজনের মাধ্যমে বার্তাটি ছড়িয়ে যাক, সবখানে।’ বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিনিধি হিসেবে উপস্থিত ছিলেন সংগঠক দেবাশীষ বরাল।